



কুরুমগ্রাম পাঁচতরফ পরিবারের ১৪৩২ সালের দুর্গোৎসবের নির্ঘন্ট



হে দেবী ! তুমি সকল কার্য ও কারনরূপগী, সর্বশ্রেষ্ঠী ও সর্বশক্তিময়ী । তুমি আমাদের আপদ থেকে রক্ষা করো । হে দেবী তোমাকে প্রণাম ।

২৯শে ভাদ্র ১৪৩২ সাল সোমবার (ইং-১৫/৯/২০২৫)

বোধন :- ঘট আনয়ন সকাল ১১-৪৭ গতে । তৎপর পূজা, বলিদান, অঞ্জলী প্রদান, আশীর্বাদ ও প্রসাদ বিতরণ ।

৮ই আশ্বিন ১৪৩২ সাল বৃহস্পতিবার (ইং- ২৫/৯/২০২৫)

চতুর্থী :- ঘট আনয়ন ৮-৩০ গতে । তৎপর পূজা, অঞ্জলী প্রদান, আশীর্বাদ ও প্রসাদ বিতরণ ।

১১ই আশ্বিন ১৪৩২ সাল রবিবার (ইং- ২৮/১০/২০২৫)

মহাষষ্ঠী পূজা :- সায়ংকালে দেবীর আমন্ত্রণ ও অধিবাস (সন্ধে ৭-০০ ঘটিকায়) ।

১২ই আশ্বিন ১৪৩২ সাল সোমবার (ইং- ২৯/১০/২০২৫)

মহাসপ্তমী পূজা :- আমান্ন আনয়ন সকাল ৭-০০ ঘটিকা হইতে ৯-০০ ঘটিকার মধ্যে । ভোগভাজা সকাল ৭-৩০ ঘটিকাতে । নবপত্রিকার মহাম্বান ও ঘট আনয়নের যাত্রা সকাল ৯-৩০ ঘটিকাতে । তৎপর শ্রী শারদীয়া দুর্গাদেবীর নবপত্রিকা প্রবেশ, স্থাপন, সপ্তম্যাদি কল্পারস্ত ও মহাসপ্তমীবিহিত পূজা আরস্ত । তৎপর বলিদান, পূজার অঞ্জলী প্রদান, আশীর্বাদ ও প্রসাদ বিতরণ । পূজা সমাপনে ঘর পরিষ্কার ।

সন্ধ্যারতি- রাত্রি ৭-৩০ ঘটিকায় ।

মহাসপ্তমী তিথিতে
পাঁচতরফ পরিবারের
সিংহ বাড়ির শ্রীশ্রী
শ্যামরাই প্রভুর বিশেষ
পূজা অনুষ্ঠিত হইবে
সকাল ৮-৩০ ঘটিকায় ।

১৩ই আশ্বিন ১৪৩২ সাল মঙ্গলবার (ইং- ৩০/১০/২০২৫)

মহাঅষ্টমী পূজা :- আমান্ন আনয়ন সকাল ৬-৩০ ঘটিকা হইতে ৭-৩০ ঘটিকার মধ্যে । ভোগভাজা সকাল ৭-০০ ঘটিকাতে । মহাঅষ্টমী বিহিত পূজা আরস্ত সকাল ৮-৩০ ঘটিকায় । তৎপর মহাঅষ্টমী পূজার অঞ্জলী প্রদান, আশীর্বাদ ও প্রসাদ বিতরণ । পূজা সমাপনে ঘর পরিষ্কার ।

মহাঅষ্টমী তিথিতে
পাঁচতরফ পরিবারের
বাবু বাড়ির শ্রীশ্রী
শ্যামরাই প্রভুর বিশেষ
পূজা অনুষ্ঠিত হইবে
সকাল ৭-৩০ ঘটিকায় ।

মহাসপ্তি পূজা :- আমান্ন আনয়ন সকাল ১১-৩০ ঘটিকা হইতে ১২-৩০ ঘটিকার মধ্যে । বলিদানের পাঁচ আনয়ন দুপুর ১২-৩০ ঘটিকার মধ্যে । সন্ধি পূজা আরস্ত দুপুর ১-২১ গতে । বলিদান আরস্ত দুপুর ১-৪৫ গতে । বলিদান শেষে, ঘোষপাড়া হইতে বলিদান ফেরত আসার পর সন্ধিপূজার অঞ্জলী, স্তবপাঠ, আশীর্বাদ ও প্রসাদ বিতরণ । তৎপর ঘর পরিষ্কার । সন্ধ্যারতি- রাত্রি ৭-৩০ ঘটিকায় ।

১৪ই আশ্বিন ১৪৩২ সাল বুধবার (ইং- ০১/১০/২০২৫)

মহানবমী পূজা:- আমান্ন আনয়ন সকাল ৭-৩০ ঘটিকা হইতে ৮-৩০ ঘটিকার মধ্যে । ভোগভাজা সকাল ৯-০০ হইতে ১০-০০ ঘটিকার মধ্যে । মহানবমী পূজা আরস্ত দুপুর ১-০০ ঘটিকায় । ডঙ্কা প্রদান- দুপুর ১-০০ ঘটিকায় । দুপুর ১-৩০ ঘটিকার মধ্যে পাঁচ শ্রীচত্ত্বামগুপ্তে আনয়নে অনুরোধ করা হইতেছে । মহানবমীর বলিদান শুরু দুপুর ২-০০ ঘটিকায় । বলিদানের পর, ঘোষপাড়া ও ব্রাহ্মণপাড়ায় বলিদান করিয়া আসার পর শক্ত কাটিয়া মানে গমন । ৩০ মিনিট পর অঞ্জলী, স্তবপাঠ, পূর্ণাহৃতি, আশীর্বাদ বিতরণ । তৎপর সন্ধ্যারতি ও প্রসাদ বিতরণ । ঘর পরিষ্কার পরের দিন সকাল ৬.৩০ ঘটিকায় ।

১৫ই আশ্বিন ১৪৩২ সাল বৃহস্পতিবার (ইং- ০২/১০/২০২৫)

মহাদশমী পূজা :- দশমী পূজার মহাভোগ আনয়ন সকাল ৯-০০ ঘটিকা হইতে ১০-০০ ঘটিকার মধ্যে । দশমী পূজা আরস্ত সকাল ১০-৩০ ঘটিকায় । তৎপর দশমীবিহিত পূজা, স্তবপাঠ, অঞ্জলী ও দেবীর মন্ত্র বিসর্জন । কুটুম্বগনের ভার দেওয়া দুপুর ২.৩০ ঘটিকায় । শরিকগনকে ভার দেওয়া সন্ধে ৬-৩০ ঘটিকার মধ্যে শেষ করতে হবে । সন্ধে ৭-০০ ঘটিকায় প্রতিমা নিরঞ্জনের উদ্দেশ্যে যাত্রা । নিরঞ্জন থেকে ফিরে ১ ঘণ্টা পর অপরাজিতা পূজা ও গ্রামদেবতী পূজা অনুষ্ঠিত হইবে ।

এত দ্বারা পাঁচতরফ পরিবারের সকল শরিকগনকে ও কুটুম্বগনকে সর্বিবন্ধ অনুরোধ জানানো যাইতেছে যে, উপরোক্ত নির্ঘন্ট অনুসারে শ্রীচত্ত্বামগুপ্তে উপস্থিত হইয়া সুন্দর ভাবে মহাপূজা পরিচালনায় সহযোগী হউন । প্রতিমা নিরঞ্জনের সময় সকল কুটুম্ব ও শরিকগনকে উপস্থিত হওয়ার অনুরোধ করা হইতেছে । মোম ১০ই অগ্রহায়ন বৃহস্পতিবার (২৭/১১/২০২৫) সকাল ৯.০০ মিনিটে ।